গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
আগৈলঝাড়া,বরিশাল।
Usso.agailjhara@dss.gov.bd

স্মারক নং- ৪১.০১.০৬০২.০০০.০০০.০২.০০০১.২৬.১০৩ তারিখ : ১৯/০৭/২০২৬ খ্রি .।

আগৈলঝাড়া উপজেলার আওতাধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা সমূহকে জানানো যাচ্ছে যে সকল নিবন্ধীত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (এতিমখানাসহ) বিগত ২(দুই) বছর মেয়াদে কার্যনির্বাহী কমিটি অনুমোদন গ্রহণ করেনি, অডিট রিপোর্ট ও বার্ষিক প্রতিবেদন জমা দেন নাই যথাযথ কর্তৃপক্ষের আদেশে সে সকল সংস্থা বিলুপ্তির লক্ষ্যে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রন অধ্যাদেশ ১৯৬১ এর ধারা ১০ উপধারা (১) অনুসরণ পূর্বক শুনানির সুযোগ দিয়ে তালিকা প্রস্তুত করা হবে।

আগামী ২৭ জুলাই ২০২৬ খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে সংস্থাগুলিকে (এতিমখানাসহ) উপজেলা সমাজসেবা কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল এ যথাযথ তথ্য প্রমানাদিসহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে সংস্থাগুলি (এতিমখানাসহ) সমুহের দাখিলকৃত প্রমাণকসহ কাগজপত্রাদি নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মনিটরিং টিম যাচাই-বাচাই করবেন।

নির্ধারিত তারিখের মধ্যে উপস্থিত হতে ব্যর্থ হলে পরবর্তীতে সংস্থা বিলুপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

(তপন বিশ্বাস)
উপজেলা সমাজসেবা অফিসার
আগৈলঝাড়া,বরিশাল।